



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : [www.dinajpureducationboard.gov.bd](http://www.dinajpureducationboard.gov.bd)

E-mail : [dinajpureducationboard@gmail.com](mailto:dinajpureducationboard@gmail.com)

স্মারক নং : মাউশিবোদি/পনি/পরী-উমাঃ/২০১৭/২০১৫(৬৫০)

তারিখ : ০৫/০৪/২০১৭ খ্রি.

বিষয়ঃ ২০১৭ সালের এইচএসসি পরীক্ষায় আইসিটি (২৭৫) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা গ্রহণ ও ব্যবহারিক ফি সংক্রান্ত প্রসঙ্গ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০১৭ সালের এইচএসসি পরীক্ষায় আইসিটি (২৭৫) বিষয়ের ব্যবহারিক পরীক্ষা গত বছরের ন্যায় স্ব-স্ব কলেজে অনুষ্ঠিত হবে। স্ব-স্ব কলেজের অধ্যক্ষ তাঁর আইসিটি বিষয়ের শিক্ষকের মাধ্যমে নিজ কলেজের পরীক্ষার্থীদের আইসিটি বিষয়ের ব্যবহারিক পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করবেন। পরীক্ষা গ্রহণের পর আইসিটি বিষয়ের শিক্ষক পরীক্ষার্থীদের ব্যবহারিক পরীক্ষায় প্রাপ্ত নম্বরের দুই সেট নম্বরফর্দ/তালিকা প্রস্তুত করবেন। প্রস্তুতকৃত দুইসেট নম্বরফর্দ/তালিকায় সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের স্বাক্ষর, সীল ও মোবাইল নম্বর থাকতে হবে। অতঃপর পূর্ণাঙ্গ তালিকা এক সেট খামে ভরে গালাসীল করে সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তার নিকট জমা দিয়ে প্রাপ্ত স্বীকার গ্রহণ করতে হবে এবং অপর সেট গালাসীল করে নিজ কলেজের অধ্যক্ষের নিকট পূর্ণ নিরাপত্তায় সংরক্ষণ করতে হবে। সংশ্লিষ্ট কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা গত বছরে ন্যায় তাঁর কেন্দ্রভুক্ত কলেজসমূহ থেকে প্রাপ্ত আইসিটি বিষয়ের নম্বরপত্রসমূহ পূর্ণ নিরাপত্তায় সংরক্ষণ করবেন এবং কেন্দ্রের অন্যান্য বিষয়ের ব্যবহারিক নম্বর online-এ Input দেয়ার সময় আইসিটি বিষয়ের ব্যবহারিক নম্বর online-এ প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন।

উল্লেখ্য আইসিটি বিষয়ের ব্যবহারিক পরীক্ষার জন্য আদায়কৃত (ব্যবহারিক ফি- ২৫/-+ব্যবহারিক কেন্দ্র ফি- ২০/-) ফি -৪৫/- (পঁয়তাল্লিশ) টাকা এর মধ্যে ব্যবহারিক পরীক্ষা গ্রহণকারী সংশ্লিষ্ট কলেজ পাবে পরীক্ষার্থী প্রতি ২৫/- (পঁচিশ) টাকা এবং সংশ্লিষ্ট কেন্দ্র পাবে পরীক্ষার্থী প্রতি ২০/- (বিশ) টাকা। এ বিষয়ে পরবর্তী কার্যকরি ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে বিশেষভাবে অনুরোধ করা হলো।

অধ্যক্ষ/ভারপ্রাপ্ত কর্মকর্তা  
অত্র শিক্ষা বোর্ডের আওতাধীন  
সকল কলেজ/এইচএসসি পরীক্ষা কেন্দ্র।

মোঃ তোফাজ্জুর রহমান

পরীক্ষা নিয়ন্ত্রক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

দিনাজপুর।

ফোন : ০৫৩১-৫১৮৮১(অফিস)

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ০১। সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০২। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, অত্র শিক্ষা বোর্ড।
- ০৩। অফিস কপি।